দৈনিক ইনকিলাব

তারিখ 2 9 FEB 1988 ... ...
পৃষ্ঠা ... ... ৫ ... কলাম ... ৬ ...

005

# উপজেলা পরিক্রমা

## পীরগাছা

পীরগাছা (রংপুর), ২৮ ফেব্রুয়ারী (সংবাদদাতা)।— ১৯৮৩ সালে পীরগাছা উপজেলা উন্নীত হবার পর দীর্ঘ ৫ বছরে তেমন কোন উন্নয়ন হয়নি। তাই ৯টি ইউনিয়নের ১৭টি মৌজার ৩ লাখ ১০ হাজার ১ শ' ৩৬ জন লোক আজও নানা সমস্যায় জর্জরিত। এই উপজেলার আয়তন ১০৪ বর্গ মাইল। আয়ের প্রধান উৎস কৃষি।

### যোগাযোগ

উত্তরবঙ্গের মধ্যে বিভিন্ন দিক হতে পীরগাছা একটি গুরুত্বপূর্ণ উপজেলা হলেও উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুব অনুন্নত। উল্লেখ্য, জেলা শহর রংপুরের সাথে যোগাযোগ রক্ষাকারী মাত্র ১০ মাইল রাস্তাটি অদ্যাবধি পুরোপুরি সংস্কার হয়নি।

### শিক্ষা

অত্র উপজেলা শিক্ষার ক্ষেত্রে অনেক পিছিয়ে আছে। পীরগাছা উপজেলায় ১টি কলেজ, ২টি হাফিজিয়া মাদ্রাসা, ৫টি সিনিয়র মাদ্রাসা, ১৪টি দাখিল মাদ্রাসা, ১৬টি হাই স্কুল, ৬টি জুনিয়র হাই স্কুল, ২টি গার্লস হাই স্কুল ও ৩৫টি এবতেদায়ী মাদ্রাসা, ৭০টি সরকারী প্রাইমারী স্কুল, ৩টি রেজিষ্টার্ড প্রাইমারী স্কুল রয়েছে। প্রয়োজনীয় আসবাবপত্র ও শিক্ষকের অভাবে কয়েকটি মাদ্রাসার অবস্থা অত্যন্ত করুণ।

### চিকিৎসা

পীরগাছা উপজেলার ১টি স্বাস্থ্য কমপ্লেক্স ও ২টি পল্লী স্বাস্থ্য কেন্দ্র আছে। পশু চিকিৎসার জন্য ১টি কৃত্রিম প্রজনন উপকেন্দ্র আছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবস্থা অত্যন্ত করুণ। জরুরী বিভাগে সব সময় ডাক্তার থাকে না। বহির্বিভাগে প্রতিদিন শত শত রোগী এ সব প্রয়োজনীয় ওষুধের অভাবে ফিরে যাচ্ছে। এক্স-রে মেশিন থাকলেও রেডিও গ্রাফারের অভাবে তা চালু করা সম্ভব হয় না। দাতব্য চিকিৎসালয়টি নামে মাত্র চিকিৎসালয়। প্রয়োজনীয় ওষুধপত্র, চিকিৎসকের অভাবে এটি চিকিৎসা মারাত্মক ব্যাহত হচ্ছে।

### বিদ্যুৎ

পীরগাছায় বিদ্যুৎ ব্যবস্থা একেবারেই অনুন্নত। এই উপজেলায় পল্লী বিদ্যুৎ বিভ্রাট নিত্যনৈমিত্তিক ব্যাপার। ৯টি ইউনিয়নের মধ্যে কিছু অংশ বিদ্যুৎতায়িত করা হয়েছে।